গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
প্রশাসন-৩ শাখা

**জননিরাপত্তা বিভাগের অধীনস্ত দপ্তর/সংস্থাসমূহের সাথে মার্চ ২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আমিনুল ইসলাম খান<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ২৭ মার্চ ২০২৩ |
| সভার সময় | সকাল ১১.০০ টা |
| স্থান | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| উপস্থিতি | পরিশিষ্ট - 'ক' |

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত এবং পবিত্র রমজানের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি এ বিভাগের অধীনস্ত অধিদপ্তর/সংস্থার পেন্ডিং ডাকসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক-নির্দেশনা প্রদান করেন। অতঃপর অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)- কে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান।

ফেব্রুয়ারি ২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন:

সভায় গত সভার কার্যবিবরণীর পাঠ করা হয় এবং কোন সংশোধনী ছাড়াই সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতপর কার্যপত্র মোতাবেক গত সভার সিদ্ধান্তসমূহ এবং এর বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়।

**অধিদপ্তর/সংস্থাসমূহের পেন্ডিং:**

| অধিদপ্তর/ সংস্থার নাম | মন্ত্রণালয় হতে অধিদপ্তর/সংস্থায় পেন্ডিং | অধিদপ্তর/সংস্থা হতে মন্ত্রণালয়ে পেন্ডিং | আন্তঃ মন্ত্রণালয় (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে বিভিন্ন মন্ত্রণালয়ে প্রেরিত) পেন্ডিং | মন্তব্য |
|---|---|---|---|---|
| বাংলাদেশ পুলিশ | ১২৭টি | ২৫৭টি | ৬৭টি | |
| বর্ডার গার্ড বাংলাদেশ | ১০টি | ৪৪টি | ৩২টি | |
| আনসার ও ভিডিপি | ১২ টি | ৩৯ টি | ... | |
| কোস্ট গার্ড | ১৩ টি | ... | ... | |
| ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার | ... | ... | ... | |
| তদন্ত সংস্থা | ... | ... | ... | |

**ই-নথি কার্যক্রম:**

(ফেব্রুয়ারি ২০২৩)

| দপ্তর/সংস্থা | ডাক সৃজিত নোটে নিষ্পত্তি | নোটে নিষ্পত্তি | পত্রজারিতে নিষ্পন্ন নোট | মোট | মোট পত্রজারি |
|---|---|---|---|---|---|
| পুলিশ অধিদপ্তর | ০ | ০ | ০ | ০ | ০ |
| বর্ডার গার্ড বাংলাদেশ | ডি-নথিতে স্থানান্তর চলমান বিধায় পরিসংখ্যান উল্লেখ করা যায়নি | | | | |
| বাংলাদেশ কোস্ট গার্ড | ০ | ২৫ | ২৫৫ | ২৮০ | ৫১৬ |
| বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী | ডি-নথিতে স্থানান্তর চলমান বিধায় পরিসংখ্যান উল্লেখ করা যায়নি | | | | |
| ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার | ০ | ১ | ২৮ | ২৯ | ৪২ |
| তদন্ত সংস্থা (আইসিটি) | ডি-নথিতে স্থানান্তর চলমান বিধায় পরিসংখ্যান উল্লেখ করা যায়নি | | | | |

**অভিযোগ প্রতিকার ব্যবস্থা:**

| নাম | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট | বিবেচ্যমাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | পত্রযোগে | অনলাইনে | | | | |
| জননিরাপত্তা বিভাগ | ৭৩ | -- | ৭৩ | ৭৩ | জমি উদ্ধার, আইনগত ব্যবস্থা গ্রহণ, পাওনা টাকা আদায়, প্রতিকার, ন্যায় বিচার পাওয়া সংক্রান্ত | -- |
| পুলিশ | পূর্বের জের ৬২ | ২২ | ৮৪ | ৮৪ | | -- |
| বিজিবি | -- | -- | -- | -- | | -- |
| আনসার ও ভিডিপি | -- | -- | -- | -- | | -- |
| এনটিএমসি | -- | -- | -- | -- | | -- |
| তদন্ত সংস্থা (আইসিটি) | -- | -- | -- | -- | | -- |

## ই-টেন্ডার:

| অধিদপ্তর/ সংস্থার নাম | মোট টেন্ডারের সংখ্যা | ই-টেন্ডার এর সংখ্যা | ই-টেন্ডারের শতকরা হার | টেন্ডারিং-এ মোট অর্থের পরিমাণ | ই-টেন্ডারিং-এ জড়িত অর্থের পরিমান (টাকয়) | গতমাসে ই-টেন্ডারের সংখ্যা ও শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| জননিরাপত্তা বিভাগ | - | - | - | - | - | - | - |
| পুলিশ অধিদপ্তর | ৩৩টি | ১৭টি | ৫১.১৫ % | - | ১৩,১২,০২,৬৫৬ | ১৩টি, ২৬% | - |
| বর্ডার গার্ড বাংলাদেশ | - | - | - | - | - | - | - |
| আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী | - | - | - | - | - | ১৩টি, ৭৪.৪৭% | - |
| বাংলাদেশ কোস্ট গার্ড | ০২টি | - | - | ১,৮১,১৪,০৮৪/- | - | - | - |
| ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার | ২৬টি | ১০টি | ৩৮.৪৬ | ২৭,৫৬,৪৮,২৫০/- | ১,৩০,৮৪,৪৩৫/- | ০২টি, ১০০% | - |
| তদন্ত সংস্থা | - | - | - | - | - | - | - |

## অডিট আপত্তি:

(কোটি টাকায়)

| অধিদপ্তর/ সংস্থার নাম | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | নিষ্পত্তির সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | জের/ জড়িত টাকা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| জননিরাপত্তা বিভাগ | - | - | - | - | - | - |
| পুলিশ অধিদপ্তর | ১৫৭০ টি | ১৪১৫.৫০ | ৩৬টি | ১০৩.৯৬ | ১৫৩৪টি জড়িত টাকা= ১৩৪৭.৫৪ | |
| বর্ডার গার্ড বাংলাদেশ | ৮৬টি | ২৭২.৪২ | ০৪টি | ৫৮.৯৭ | ৮২টি | - |
| আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী | ২৭টি | ৪১৮.৮৩ | - | - | ২৭টি | |
| বাংলাদেশ কোস্ট গার্ড | ২৬১টি | ২২৫.২৭ | ১১১টি | ৫৯.১৪ | ১৬৬.১৩ | - |
| ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার | - | - | - | - | - | নেই |
| তদন্ত সংস্থা | - | - | - | - | - | নেই |

## পেনশন কেইস:

সভায় জননিরাপত্তা বিভাগের অধীনস্ত দপ্তর/ সংস্থার পেন্ডিং পেনশন কেইসের তুলনামূলক চিত্র :

| অধিদপ্তর/সংস্থার নাম | গত মাসের পেন্ডিং পেনশন কেইস | আলোচ্য মাসের পেন্ডিং পেনশন কেইস | মন্তব্য |
|---|---|---|---|
| পুলিশ অধিদপ্তর | ০১ টি (মরহুম আবদুল করিম সরকার প্রাক্তন নিরস্ত্র পুলিশ পরিদর্শক, রাঙ্গামাটি পার্বত্য জেলা) | ০১ টি (মরহুম আবদুল করিম সরকার প্রাক্তন নিরস্ত্র পুলিশ পরিদর্শক, রাঙ্গামাটি পার্বত্য জেলা) | মৃত নিরস্ত্র পুলিশ পরিদর্শকের পারিবারিক পেনশনের শতভাগ তার ১ম স্ত্রী উত্তোলন করলে আপত্তি নেই মর্মে তার ২য় স্ত্রী জান্নাতুল ফেরদৌসী কর্তৃক প্রদত্ত কোন অঙ্গীকারনামা/প্রত্যয়নপত্র প্রদান করেননি বিধায় পারিবারিক পেনশন কেসটি অনিস্পন্ন রয়েছে। |

## রিট মামলা ও বিভাগীয় মামলাঃ

সভায় জননিরাপত্তা বিভাগ ও এর অধীনস্থ/সংস্থার রিট মামলা ও বিভাগীয় মামলা নিয়ে আলোচনা করা হয়। পরিসংখ্যান নিম্নরূপ

| মামলাসমূহ | ফেব্রুয়ারি | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | মোট মামলা | নতুন প্রস্তাব | নিস্পত্তি | অনিস্পন্ন | |
| রিট মামলাসহ অনান্য মামলা | ৫,৩০২টি | ২২টি | ০১টি | ৫,৩০১টি | |
| বিভাগীয় মামলা | ৯০টি | ০৩টি | ০ | ৯০টি | |

সভায় সভাপতি জননিরাপত্তা বিভাগ এবং দপ্তর/ সংস্থার সাথে পারস্পরিক যোগাযোগ বৃদ্ধির মাধ্যমে দাপ্তরিক কাজকর্ম সম্পাদনের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি কার্যক্রম সম্পাদনে APA, NIS, GRS, Innovation, Citizen charter ইত্যাদির লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে গুরুত্বপূর্ণ দিক-নির্দেশনা প্রদান করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

**সিদ্ধান্তসমূহঃ**

(১) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক প্রত্যেক দপ্তর/সংস্থা (তাদের আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কার্যালয়সহ) ওয়েব পোর্টাল জাতীয় তথ্য বাতায়নের আদলে নিয়মিত হালনাগাদ করতে হবে।

(২) সকল দপ্তর/সংস্থায় ই-নথির কার্যক্রম বাড়াতে হবে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী প্রত্যেক দপ্তর/ সংস্থা তাদের সম্পাদিত নথি/ডাক নিষ্পত্তির শতকরা ৮৫ ভাগ ই-নথিতে সম্পন্ন করবে।

(৩) অনুবিভাগ প্রধানগণ স্ব স্ব অনুবিভাগের অধিশাখা/শাখার কর্মকর্তা এবং দপ্তর সংস্থার প্রতিনিধিদের নিয়ে সভা করে এ বিভাগ এবং এর দপ্তর/সংস্থায় পেন্ডিং চিঠি-পত্র দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করবেন।

(৪) Grievance Redress System (GRS) সংক্রান্ত প্রতিবেদন নির্ধারিত ছকে প্রতি মাসের ৭ (সাত) তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। জনসচেতনতা বাড়াতে প্রত্যেক দপ্তর/সংস্থা নিজেদের stakeholders নিয়ে সভা করে প্রতিবেদন এ বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন।

(৫) E- nothi, Web Portal, APA, NIS এবং GRS ইত্যাদির প্রমাপ যথাসময়ে অর্জনের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

(৬) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা, জেলা প্রশাসক সম্মেলন এবং মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। এ সংক্রান্ত বাস্তবায়ন অগ্রগতির হালনাগাদ প্রতিবেদন প্রতিমাসের ৭ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

(৭) সরকারি নির্দেশনা অনুযায়ী সকল দপ্তর/সংস্থায় ই-টেন্ডারিং এর কার্যক্রম বাড়াতে হবে। অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭.০৩.২০২৩

মোঃ আমিনুল ইসলাম খান
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০২১.০৬.০০১.১৯.

তারিখ: ১৩ চৈত্র ১৪২৯
২৭ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) দপ্তর/ সংস্থা প্রধান (সকল)
২) অতিরিক্ত সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৩) যুগ্মসচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)

২৭.০৩.২০২৩

আশফুর রহমান
উপসচিব